বর্ডার গার্ড বাংলাদেশ
প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা : ০৩ জানুয়ারি ২০২৪

বিজিবি'র অভিযানে ডিসেম্বর-২০২৩ মাসে ২৬৬ কোটি ৭৪ লক্ষাধিক টাকার চোরাচালান পণ্যসামগ্রী জব্দ

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) গত ডিসেম্বর-২০২৩ মাসে দেশের সীমান্ত এলাকাসহ অন্যান্য স্থানে অভিযান চালিয়ে সর্বমোট ২৬৬ কোটি ৭৪ লক্ষ ৬০ হাজার টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান পণ্যসামগ্রী এবং অস্ত্র ও গোলাবারুদ জব্দ করতে সক্ষম হয়েছে।

জব্দকৃত চোরাচালান দ্রব্যের মধ্যে রয়েছে ১১ কেজি ৬৪৩ গ্রাম স্বর্ণ, ৫ কেজি ২০০ গ্রাম রূপা, ১,৭০,৫৮৯,টি কসমেটিক্স সামগ্রী, ১,৩৫৮টি ইমিটেশন গহনা, ১২,৪০৬টি শাড়ী, ৭,৯৭১টি থ্রিপিস/শার্টপিস/চাদর/কম্বল/তৈরী পোশাক, ৩,৮৬৪ ঘনফুট কাঠ, ১৭,১২৭ কেজি চা পাতা, ৪৪,৫১৫ কেজি কয়লা, ১টি কষ্টি পাথরের মূর্তি, ১২টি ট্রাক, ৩টি বাস, ৭টি পিকআপ, ৬টি প্রাইভেটকার/মাইক্রোবাস, ১৮টি সিএনজি/ইজিবাইক এবং ৫৮টি মোটরসাইকেল।

উদ্ধারকৃত অস্ত্রের মধ্যে রয়েছে ৯টি পিস্তল, ২টি বিভিন্ন প্রকার গান, ১৩টি ম্যাগাজিন, ১টি হ্যান্ড গ্রেনেড, ২০ কেজি গান পাউডার, ১২ কেজি বিস্ফোরক দ্রব্য, ১৭ কেজি ২০০ গ্রাম পটাশিয়াম নাইট্রেট এবং ৩১৬ রাউন্ড গুলি।

এছাড়াও গত মাসে বিজিবি কর্তৃক বিপুল পরিমাণ মাদকদ্রব্য জব্দ করা হয়েছে। জব্দকৃত মাদক ও নেশাজাতীয় দ্রব্যের মধ্যে রয়েছে ১১,৫৬,৬২৮ পিস ইয়াবা ট্যাবলেট, ৩৪ কেজি ৫৭৪ গ্রাম ক্রিস্টাল মেথ আইস, ৪২.৯৩৫ কেজি হেরোইন, ১৪,৪৬৮ বোতল ফেনসিডিল, ৩০,৪৮৯ বোতল বিদেশী মদ, ৬,৫১২ লিটার বাংলা মদ, ৫,৯১,৬০০ পিস মদ তৈরীর ট্যাবলেট, ২,২৭০ ক্যান বিয়ার, ১৫ বোতল লাইসারজিক এসিড ডাই-ইথাইল অ্যামাইড (এলএসডি) ১,২৯৪ কেজি গাঁজা, ৬৪,১৯৭ প্যাকেট বিড়ি ও সিগারেট, ৪৬,০৯৪টি নেশাজাতীয় ইনজেকশন, ৩,৩৬৩ বোতল ইস্কাফ সিরাপ, ১,৯০০ কেজি কোকেন, ১,১৩১ বোতল এমকেডিল/কফিডিল, ৫,১২,৭৪৬ পিস বিভিন্ন প্রকার ঔষধ, ৭৮১ প্যাকেট কিটনাশক এবং ১৩,৪৮,৬৪৪টি অন্যান্য ট্যাবলেট ।

সীমান্তে বিজিবি'র অভিযানে ইয়াবাসহ বিভিন্ন প্রকার মাদক পাচার ও অন্যান্য চোরাচালানে জড়িত থাকার অভিযোগে ১৪৩ জন চোরাচালানীকে এবং অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ২৩ জন বাংলাদেশী নাগরিক, ০৩ জন ভারতীয় নাগরিক এবং ১৫০ জন মায়ানমার নাগরিককে আটকের পর তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
মোঃ শরীফুল ইসলাম, পিবিজিএমএস
জনসংযোগ কর্মকর্তা
মোবাইল-০১৭৬৯৬০০৩৩৮

১। ডিউটি অফিসার, সংবাদ কক্ষ, তথ্য অধিদপ্তর, ঢাকা।
২। সম্পাদক/চীফ রিপোর্টার.....(জাতীয় দৈনিক/অনলাইন পত্রিকা/টিভি চ্যানেল), ঢাকা।